

# প্রোফাইল

ডিডিইএফ DDEF

## রায়হানপুর ডিজএবল স্কুল







## ডিজএবল ডেভেলপমেন্ট এন্ড এডুকেশনাল ফাউন্ডেশন(ডিডিইএফ)

## Disable Development & Educational Foundation (DDEF)

ঠিকানা ঃ গ্রাম ও পোষ্ট ঃ রায়হানপুর, উপজেলাঃ পাথরঘাটা, জেলাঃ বরগুনা, বাংলাদেশ।
E-mail: ddef_barguna@yahoo.com, Website: www.ddefbd.org

**ভূমিকাঃ**

সমাজের সর্বস্তরের সামাজিক অর্থনৈতিক উন্নয়নের আলো পৌঁছে দিতে এবং প্রতিবন্ধী জনগোষ্ঠির উন্নয়নে একটি আত্মনির্ভরশীল এবং সুশিক্ষিত সমাজ গঠন করার প্রয়াস নিয়ে ১লা জানুয়ারী ২০০১ তারিখে প্রতিষ্ঠা করা হয় "ডিজএবল ডেভেলপমেন্ট এন্ড এডুকেশনাল ফাউন্ডেশন (ডিডিইএফ)" নামক একটি সমাজ গঠনমূলক অরাজনৈতিক স্বেচ্ছাসেবক সামাজিক প্রতিষ্ঠান।

মূলত বিশেষ শিক্ষা, যুব ও প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ, কৃষকদের উন্নত প্রশিক্ষণ, স্থানীয় সম্পদের সুষ্ঠ ব্যবহার, সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে ডিডিইএফ কাজ করে আসছে।

সংগঠনটি দেশের বিভিন্ন অঞ্চলে যেমন: বরগুনা, বরিশাল, ঢাকা, সিরাজগঞ্জ, পটুয়াখালী, জামালপুর, পিরোজপুর জেলার ৩২০০ দরিদ্র ঠোঁটকাটা ও তালুফাঁটা প্রতিবন্ধী ব্যক্তির বিনামূল্যে সাজার্রী অপারেশন কার্যক্রম সম্পন্ন করেছে আমেরিকান দাতা সংস্থার সহযোগীতায়। পাশা পাশি দেশিও বিভিন্ন দাতা সংস্থা ও এ কাজে ২০১০ সাল হতে সহযোগিতা করে আসছে।

২০০৮ সাল হতে গ্রামের দরিদ্র পরিবারের প্রতিবন্ধী শিশুদের অবৈতনিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বিভিন্ন দাতা সংস্থা এ কাজে সহযোগিতা করছে। বর্তমানে ৫২ জন বিভিন্ন ধরণের প্রতিবন্ধী শিক্ষার্থী ডিডিইএফ কর্তৃক পরিচালিত রায়হানপুর ডিজএবল স্কুল এ শিক্ষার সুযোগ পাচ্ছে।

দরিদ্র মহিলাদের এককালীন অনুদান প্রদান করা হচ্ছে। প্রায় ৭৫০জন গ্রামের দরিদ্র মহিলা এই কার্যক্রমে সুবিধা গ্রহন করছে।

ডিডিইএফ প্রতিষ্ঠার পর হতে বরগুনা জেলার পাথরঘাটা, বামনা এবং বেতাগী উপজেলাসহ জেলার সকল উপজেলায় প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়ক উপকরণ হিসেবে প্রায় ৮০০টি হুইল চেয়ার, ২০০ সাদাছড়ি, ২৫০টি সেলাই মেশিন এবং ২৫টি ক্রাচ বিতরণ করা হয়েছে। দেশী-বিদেশী বিভিন্ন দাতা সংস্থা এই কার্যক্রমে আর্থিক সহযোগিতা প্রদান করেছে। সংগঠনটি এলাকার উন্নয়নে সবসময় স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে থেকে কাজ করে আসছে। দেশের প্রাকৃতিক ঘুর্ণিঝড়সহ রোহিঙ্গা জনগোষ্ঠির উন্নয়ন এবং যেকোন দুর্যোগকালীন সময় ডিডিইএফ কাজ করে আসছে। মা ও শিশু পুষ্টি, ক্যান্সার ও লিভার সিরোসিসসহ নানান ধরণের রোগীদের বিভিন্ন দাতা সংস্থার সহযোগিতায় সরাসরি অনুদান ও ক্ষেত্র বিশেষ এ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা করে আসছে। এলাকার দরিদ্র প্রতিবন্ধী পরিবার, বিধবা নারীসহ বিশেষ চাহিদা সম্পন্ন পরিবারে প্রতিবছর ঈদ আনন্দ উদযাপনের জন্য ডিডিইএফ এর পক্ষ হতে খাবার সামগ্রী ও শাড়ী লুঙ্গি বিতরণ করা হয়। একইভাবে কোরবানীর সময়ও গরু এবং ছাগল কোরবানী মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠির মধ্যে ডিডিইএফ এর পক্ষ হতে ভাগাভাগি করে বিতরণ করা হয়। সর্বপরি ডিডিইএফ এর সহকর্মীবৃন্ধ, এলাকার জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন ও দেশী বিদেশী দাতা সংস্থার সহযোগিতায় সংগঠনটি বরগুনা জেলা তথা দেশের আপামর প্রতিবন্ধী জনগোষ্ঠি এবং দরিদ্র ও বিধবা মহিলাদের সামাজিক ও অর্থনৈতিকি উন্নয়নে দীর্ঘ ১৮ বছর যাবৎ নিরলসভাবে কাজ করে আসছে।

এই কাজে আর্থিক, কারিগরি ও বুদ্ধি দিয়ে বিভিন্ন সময়ে সহযোগিতা করণের জন্য সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ডিডিইএফ এর পক্ষ হতে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।





প্রতিষ্ঠার সন ঃ ০১/০১/২০০১
সংস্থার ঠিকানাঃ ক) প্রধান কার্যালয়ঃ গ্রাম ও পোষ্ট ঃ রায়হানপুর, উপজেলাঃ পাথরঘাটা, জেলাঃ বরগুনা, বাংলাদেশ।
খ) সিকদার ভিলা, বাড়ী-১৮৪৫, জিয়া সড়ক (২য় রোড), ওয়ার্ড নং-২২, বরিশাল সিটি করপোরেশন, বরিশাল।
গ) লিয়াজো অফিসঃ পার্ক, বাড়ী-১১, রোড-১, সেকশন-৬, মিরপুর, ঢাকা-১২১৬
সংস্থার ইমেইল ঃ ddef_barguna@yahoo.com
ওয়েবসাইট ঃ www.ddefbd.org
মোবাইল নম্বর ঃ ০১৭১৬৭৩৩৬৭৬, ০১৭১২১৩৬৫৫৮, ০১৯৭২১৩৬৫৫৮,০১৭১৯৭৭৮১৯৯,০১৭১৮৭৬৬৪৪২
নিবন্ধন নম্বর ঃ সমাজসেবা অধিদপ্তরঃ বর-৪৩৩ তারিখ ২৯/০৫/২০০৭, যুব-বর-২২০ তারিখঃ ১০/০১/২০১০,
এনজিওএবিঃ ২৬০৮ তারিখ ০৪/১১/২০১০

## উদ্দেশ্য ঃ

গ্রামাঞ্চলের অবহেলিত দরিদ্র প্রতিবন্ধী জনগোষ্ঠির সামগ্রিক উন্নয়ন। বিশেষ শিক্ষা/গণশিক্ষা/ বয়স্ক শিক্ষা/ শিশু শিক্ষার মাধ্যমে নিরক্ষরতা দূরীকরণের মধ্য দিয়ে শিক্ষিত সমাজ গঠনের সহায়তা করা ও শিশুশ্রম রোধ করা। মা ও শিশুসহ সকলের সার্বিক উন্নয়নে স্বাস্থ্যও পুষ্টি শিক্ষা প্রদান, উদ্বুদ্ধ করণ, চিকিৎসা সহায়তা পরিবার পরিকল্পনার মাধ্যমে জনসংখ্যা নিয়ন্ত্রণ করনে সহযোগীতা করা। ধুমপান মাধক প্রতিরোধ, বাল্য বিবাহ ও ইবটিজিং প্রতিরোধ সংক্রান্ত কাজে এডভোকেসি প্রোগ্রাম বাস্তবায়ন করন, ঘাতক ও মরণব্যধি এইডস/এস/টি.ভি এর প্রকোপ থেকে বিপদগামী জনসমাজকে প্রতিরোধে উদ্বুদ্ধ করণ ও সচেতন করে গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ। সংস্থার কর্ম এলাকার জনগণের বিশুদ্ধ পানীয় জল সরবরাহের সহায়তা ও আর্সেনিক রোধে বিবিধ কর্মসূচী গ্রহণ। অবহেলিত জনগনকে পানি বাহিত রোগ থেকে রক্ষার্থে জলাবদ্ধ পায়খানা ব্যবহারে উদ্বুদ্ধ করণ ও বিতরণ।

## লক্ষঃ

প্রতিবন্ধী ব্যক্তি,কৃষক, যুব মহিলা ও বেকার যুবকদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা।

## চলমান কার্যক্রম ঃ

**প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে সহায়ক উপকরণ প্রদানঃ** ডিডিইএফ চলমান কার্যক্রমের মধ্যে একটি গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে অচ্ছসল দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে সহায়ক উপকরণ যেমনঃ হুইল চেয়ার, ট্রাই সাইকেল, ক্রাচ, এ্যালবো ক্রাচ, সাদাছড়ি বিতরণ। দেশী ও বিদেশী সংস্থার আর্থিক সহযোগিতায় এই কার্যক্রম পরিচালনা করা হয়। এ যাবৎ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত প্রায় ১২৭৫টি বিভিন্ন ধরণের সহায়ক উপকরণ প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছে।











ডিডিইএফ কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তির মধ্যে বিনামূল্যে হুইল চেয়ার ও অন্যান্য সহায়ক উকরণ বিতরণ করার স্বচিত্র প্রতিবেদন।

## ডিডিইএফ কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী শিশুদের জন্য স্কুল প্রোগ্রাম ঃ

ডিডিইএফ পাথরঘাটা উপজেলার রায়হানপুরে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য সম্পূর্ণ অবৈতনিক স্কুল কার্যক্রম পরিচালনা করে আসছে। ৫২জন বিভিন্ন ধরণের প্রতিবন্ধী শিশু পড়াশুনার সুযোগ পাচ্ছে। স্কুলটি রায়হানপুর ডিজএবল স্কুল নামে পরিচিত। রায়হানপুর স্কুলের শিক্ষক কর্মচারীর সংখ্যা ৯ জন। নিজস্ব জমির পরিমাণ ৭.৫০ শতাংশ।





ডিডিইএফ স্কুলের শিক্ষকগণ প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের শিক্ষা দিচ্ছেন।









ডিডিইএফ কর্তৃক পরিচালিত রায়হানপুর ডিজএবল স্কুল এর শিক্ষা উপকরণ

**দরিদ্র যুব মহিলাদের মধ্যে বিনামূল্যে সেলাইমেশিন বিতরণ ও প্রশিক্ষণ ঃ**

ডিডিইএফ গ্রামের দরিদ্র বেকার যুব মহিলা/প্রতিবন্ধী মহিলাদের মধ্যে বিনামূল্যে সেলাইমেশিন বিতরণ করে আসছে। বিগত বছরে ২৪৭টি সেলাইমেশিন বিতরণ করা হয়েছে।





ডিডিইএফ কার্যালয় সেলাই মেশিন বিতরণ করছেন স্থানীয় জনপ্রতিনিধি ও চেয়ারম্যান জনাব মো মিজানুর রহমান রুপক এবং প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা-বরগুনা জনাব ভক্ত প্রসাদ দাস।

**ঠোঁটকাটা প্রতিবন্ধী ব্যক্তিদের বিনামূল্যে সাজরী অপারেশন ঃ**

ডিডিইএফ এর আর একটি অন্যতম কার্যক্রম হচ্ছে দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তিদের বিনামূল্যে ঠোঁটকাটা ও তালুফাটার সাজারী অপারেশন কার্যক্রম। ডিডিইএফ এর মাধ্যমে দেশী ও বিদেশ দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহযোগিতায় ডিসেম্বর ২০১৮ পর্যন্ত ৩২০০ দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তির বিনামূল্যে সাজারী অপারেশন করা হয়েছে।





ঠোঁটকাটা ও তালুফাটা প্রতিবন্ধী ব্যক্তিগণ সাজার্রী অপারেশনের জন্য অপেক্ষা করছেন।











বরগুনা সদর হাসপাতালে সাজার্রী অপারেশন করছেন প্রফেসর ডাঃ মোঃ শহীদুল বারী এফসিপিএস,এফআরসিএস এবং তাঁর দল



"দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তিদের ঠোঁটকাটা ও তালুফাঁটার বিনামূল্যে সার্জারী অপারেশন করা হয়"

ডিডিইএফ DDEF

### অনুদান হিসেবে আর্থিক সহযোগিতা প্রদানঃ

ডিডিইএফ বিভিন্ন দাতার সংস্থার সহযোগিতায় দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তিদের এককালীন আর্থিক সহযোগিতা করে আসছে। প্রায় ১৫৫০ জন দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তি ও যুব মহিলা এ প্রকল্পের আওতায় সুযোগ সুবিধা গ্রহণ করেছে।





### স্বাস্থ্য সেবা কার্যক্রম ঃ

ডিডিইএফ গ্রামে ক্যান্সার ও লিভার সিরোসিস রোগে আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসার জন্য বিভিন্ন দাতা সংস্থার নিকট এ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা করে আসছে। এ পর্যন্ত ৪০ জন এধরনের রোগী এই কার্যক্রমের আওতায় সুবিধা গ্রহণ করেছেন।





ডিডিইএফ কার্যালয় বরগুনা জেলা পরিষদের সম্মানিত সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন জোমাদ্দার ক্যান্সারে আক্রান্ত রোগীদের মাঝে চেক বিতরণ করছেন।

### শীত বস্ত্র বিতরণ ঃ

গ্রামের দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তি, কৃষক ও বেকার যুব মহিলা বিধবা মহিলাদের মধ্যে শীত বস্ত্র বিতরণ করা হয়। প্রতিবন্ধী ৪০০ জন এই সুবিধা ভোগ করছেন। দেশী ও বিদেশী বিভিন্ন দাতা সংস্থার মাধ্যমে এই কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।






রায়হানপুর ডিজএবল স্কুলের প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হচ্ছে

## রোহিঙ্গা পূর্ণবাসন কার্যক্রম ঃ

ডিডিইএফ ২০১৭ সাল হতে কক্সবাজার জেলায় মায়ানমার হতে আগত রোহিঙ্গাদের পূর্ণবাসন কাজ করে আসছে। দেশী ও বিদেশী দাতা সংস্থার আর্থিক সহযোগিতায় এই কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ পর্যন্ত ৫০০ জন রোহিঙ্গা জনগোষ্ঠি এই প্রকল্পে সুবিধা গ্রহণ করেছেন।




নারী ও শিশু রোহিঙ্গা জনগোষ্ঠি ক্যাম্পে খাবারের জন্য অপেক্ষমান।




ডিডিইএফ এর পক্ষ হতে কক্সবাজার জেলার বালুখালি রোহিঙ্গা ক্যাম্পে মায়ানমার হতে আগত রোহিঙ্গা জনগোষ্ঠির মাঝে শুকনা খাবার বিতরণ ও প্রতিবন্ধী ব্যক্তিদের চলাচলের জন্য সহায়ক উপকরণ হিসেবে হুইল চেয়ার বিতরণ করা হয়।

## উন্নয়ন মেলায় অংশ গ্রহনঃ

ডিডিইএফ সরকারের সকল প্রোগামে অংশ গ্রহণ করে থাকে এরই ধারাবাহিকতায় ২০১৮ সালের উন্নয়ন মেলায় অংশ গ্রহন করা হয়েছে।






**"সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য সকলে ঐক্যবদ্ধ ভাবে এগিয়ে আসুন"**

### রমজান প্রোগ্রামঃ

ডিডিইএফ এর আর একটি অন্যতম কাজ হচ্ছে প্রতিবছর রমজানে দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তির ও বিধবা মহিলা এবং কৃষকদের মাঝে চাল, চিনি, সেমাই, ডাল ও শাড়ি-লুঙ্গি বিতরণ করা। এতে প্রতিবছর প্রায় ৫০০ জন ব্যক্তি উপকৃত হয়।











ডিডিইএফ কার্যালয়ে ঈদপূর্ব উপকরণ বিতরণ করা হচ্ছে।

### কোরবানী প্রোগ্রামঃ

ডিডিইএফ এর আওতায় গ্রামের দরিদ্র প্রতিবন্ধী ও হতদরিদ্রদের মাঝে কোরবানীর আনন্দ ভাগাভাগি করার জন্য মাংস বিতরণ করা হয়। ডিডিইএফ এর কার্যালয়ে কোরবানীর গরু জবাই করা হচ্ছে।





**মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রমঃ** ডিডিইএফ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের আর্থিক ও কারীগরি সহযোগিতায় মাতৃত্বকালীন ভাতা কর্মসূচী বাস্তবায়ন করছে।





“প্রত্যেক মানুষের মধ্যে হতে পশুত্ব জবাই করে মহত্ব জাগ্রত করা উচিত”

## ডিডিইএফ কার্যালয়ে বিভিন্ন দাতা সংস্থার প্রতিনিধিদের সাথে দ্বীপক্ষিয় সভাঃ









ডিডিইএফ এর প্রশিক্ষণ কার্যক্রমে বিদেশী বন্ধুদের উপস্থিতি

**গ্রাহক সম্মেলনঃ** ডিডিইএফ এর গ্রাহক সম্মেলন এর স্বচিত্র প্রতিবেদন। বর্তমানে প্রায় ১৫০০ গ্রাহক রয়েছে।





গ্রাহক সভায় বক্তব্য রাখছেন সভাপতি জনাব ফারুক আহমেদ এবং নির্বাহী প্রধান(ভলান্টারী সার্ভিস) জনাব মোঃ রেজাউল কবির

**পানি বিতরণ ও বিক্রয় ঃ**

শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্পে প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত বিশুদ্ধ খাবার পানি ও প্লাস্টিক সামগ্রী ডিডিইএফ কর্তৃক বিতরণ ও বাজারজাতকরণ কাজ করা হচ্ছে।








"বিশুদ্ধ খাবার পানি পান করুন"

**মা ও শিশু স্বাস্থ্য প্রকল্পঃ**

ডিডিইএফ বিভিন্ন দাতা সংস্থার আর্থিক সহযোগিতায় গ্রামের দরিদ্র মা ও শিশুদের পুষ্টি সংক্রান্ত স্বাস্থ্য সেবা প্রদান করে আসছে। এই কার্যক্রমের আওতায় প্রায় ৫০০ জন মা ও শিশু সুবিধা গ্রহণ করেছে।




**ওয়াটার এন্ড সেনিটেশন প্রোগ্রামঃ** ডিডিইএফ হতদরিদ্র পরিবারের মধ্যে বিনামূল্যে স্বাস্থ্য সেবা কার্যক্রমের অংশ হিসেবে অগভীর নলকুপ ও সেমিপাকা স্বাস্থ্য সম্মত টয়লেট বিতরণ করে আসছে।




**ডিডিইএফ অফিসে মতবিনিময় সভা ঃ**




বর্তমান জনবল ঃ ১৩ জন এবং ভলান্টারী সার্ভিস হিসেবে ২৯ জন।
সংস্থার জমিঃ নিজস্ব জমি ২২ শতাংশ
মটর সাইকেল ঃ ২টি
সাইকেল ঃ ৫টি
নিজস্ব ভবন ঃ ১টি আধা পাকা টিনসেট ভবন
ভবিষৎ কার্যক্রম ঃ

১. ব্যাচেলর ইন স্পেশাল এডুকেশন কোর্স চালু করণ
২. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষ প্রশিক্ষণ অটিজম বৈশিষ্ট সম্পন্ন শিশুদের অভিভাবক প্রশিক্ষণ
৩. বিকল্প কর্মসংস্থান তৈরির জন্য সরকারী ও বেসরকারী নীতি নির্ধারকদের সাথে এ্যাডভোকেসি কার্যক্রম
৪. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়ক উপকরণ তৈরির কারখানা চালু করণ
৫. প্রতিবন্ধী বান্ধব ওয়ানস্টপ সার্ভিস হাসপাতাল স্থাপন
৬. ওয়াটার এন্ড সেনিটেশন

“শিশু পুষ্টির জন্য মায়ের বুকের দুধ অপরিহার্য”

## ডিডিইএফ এর নেটওয়ার্কিং সদস্য তালিকাঃ

| ক্রমিক | সংস্থার নাম | সদস্য ধরণ |
|---|---|---|
| ১ | জাতীয় প্রতিবন্ধী ফোরাম(এন এফ ও ডব্লিউডি) | জেনারেল সদস্য |
| ২ | পিএইচএম | জেনারেল সদস্য |
| ৩ | ভিএইচএসএস | জেনারেল সদস্য |
| ৪ | এ্যাডাব বাংলাদেশ | চ্যাপ্টার সদস্য |
| ৫ | সিপ নেটওয়ার্ক-ইউএসএ | দাতা সদস্য |
| ৬ | গ্লোবাল গিভিং আইএনসি-ইউএসএ | দাতা সদস্য |
| ৭ | বিকেবি | দাতা সদস্য |
| ৮ | বিডিবি | দাতা সদস্য |
| ৯ | এনবিএল | দাতা সদস্য |
| ১০ | জেপিইউএফ | দাতা সদস্য |
| ১১ | সিএলএনবি | জেনারেল সদস্য |
| ১২ | বিএনএসডব্লিউসি | দাতা সদস্য |
| ১৩ | বসুন্ধরা ফাউন্ডেশন | দাতা সদস্য |
| ১৪ | সিডিএফ | জেনারেল সদস্য |
| ১৫ | বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক | জেনারেল সদস্য |
| ১৬ | এমডব্লিউসিএ | দাতা সদস্য |
| ১৭ | বিজিএমইএ | দাতা সদস্য |
| ১৮ | টিকা-তুরস্ক এ্যাম্বাসী | দাতা সদস্য |
| ১৯ | শ্রীলংকা এ্যাম্বাসী | দাতা সদস্য |
| ২০ | এমএইচ | দাতা সদস্য |
| ২১ | ডব্লিউ বিবি ট্রাষ্ট | জেনারেল ও দাতা সদস্য |
| ২২ | সওয়াব | জেনারেল ও দাতা সদস্য |
| ২৩ | বিএমএসপি | জেনারেল সদস্য |
| ২৪ | স্মাইল ট্রেন আইএনসি-ইউএসএ | দাতা সদস্য |







“ইভটিজিং ও বাল্যবিবাহ প্রতিরোধে এগিয়ে আসুন”

ডিডিইএফ DDEF

# ডিজএবল ডেভেলপমেন্ট এন্ড এডুকেশনাল ফাউন্ডেশন(ডিডিইএফ)

## Disable Development & Educational Foundation (DDEF)













প্রধান কার্যালয়ঃ গ্রাম ও পোষ্ট ঃ রায়হানপুর, উপজেলাঃ পাথরঘাটা, জেলাঃ বরগুনা, বাংলাদেশ।
আঞ্চলিক অফিসঃ সিকদার ভিলা, বাড়ী-১৮৪৫, জিয়া সড়ক (২য় রোড), ওয়ার্ড নং-২২, বরিশাল সিটি করপোরেশন, বরিশাল।
লিয়াজো অফিসঃ পার্ক, বাড়ী-১১, রোড-১, সেকশন-৬, মিরপুর, ঢাকা-১২১৬

"ধুমপান ও মাদক সেবন হতে নিজেকে বিরত রাখুন"